তারিখ ... 23 AUG 2015 ...
পৃষ্ঠা ... ২১ ... কলাম ... ২ ...

দৈনিক
ইত্তেফাক

# শ্রীনগরে ছাত্রলীগের পাল্টা কমিটি ঘোষণা

■ মুন্সীগঞ্জ প্রতিনিধি

শ্রীনগর উপজেলা ও কলেজ শাখা ছাত্রলীগের পাল্টা কমিটি ঘোষণা করা হয়েছে। শুক্রবার দুপুরে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন এই কমিটি ঘোষণা করেন।

শ্রীনগর উপজেলা ছাত্রলীগের পাল্টা কমিটিতেও আজিম হোসেন খানকে সভাপতি এবং প্যারটের পরিবর্তে রুবেল হোসেনকে সাধারণ সম্পাদক করা হয়েছে। এছাড়া কলেজ শাখায় দু'জনই পরিবর্তন করা হয়েছে। গ্লাডেল মোল্লাকে কলেজ শাখার সভাপতি ও শামীম হোসেনকে সাধারণ সম্পাদক হিসাবে ঘোষণা দেয়া হয়। পাল্টা কমিটি ঘোষণায় উপজেলা ছাত্রলীগে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। এর আগে গত ১৯ জুলাই কোন কাউন্সিল ছাড়াই উপজেলা ছাত্রলীগের সভাপতি হিসাবে আজিম হোসেন খান ও সাধারণ সম্পাদক জাকির হোসেন প্যারট এবং কলেজ শাখায় আরিফুল ইসলাম রাব্বিকে সভাপতি ও জহিরুল ইসলাম লিমনকে সাধারণ সম্পাদক ঘোষণা করা হয়।